

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



আপনাদেরকে ধন্যবাদ

প্রিয় পরিবারবর্গ ও কর্মীবৃন্দ,

এই সপ্তাহটি NYC পাবলিক স্কুলস্ (NYCPS)-এর চ্যান্সেলর হিসেবে আমার সর্বশেষ পূর্ণ সপ্তাহ কাজ করা এবং আমি কৃতজ্ঞতায় পরিপূর্ণ। পাঁচ বরো জুড়ে এক মিলিয়নের বেশি শিক্ষার্থী এবং কর্মীদেরকে পরিষেবা দেয়া আমার জীবনের এক অসামান্য সুযোগ ছিল, এবং এই অভিজ্ঞতা আমার মধ্যে NYCPS কমিউনিটির প্রতি সম্ভ্রম জাগিয়েছে। আমাদের শিক্ষক, কর্মী, এবং পরিবারদের অবদানের কোনো তুলনা নেই। আমাদের ছেলেমেয়েদের প্রখর বুদ্ধিমত্তার কোনো সীমা নেই।

আমাদের স্কুল সিস্টেমকে প্রায় 40 বছর পরিষেবা দেয়ার পরে, আমি আমাদের ছেলেমেয়েদের জন্য বলিষ্ঠ সূচনা এবং উজ্জ্বল ভবিষ্যত গড়ে তোলার ক্ষেত্রে তিনটি ভাবনা ও অর্জিত জ্ঞানের কথা জানাতে চাই।

1. **মৌলিক পাঠ্য বিষয়—সাক্ষরতা এবং সংখ্যাঙ্গান-কে আমরা উপেক্ষা করতে পারি না।** এসব দক্ষতা স্কুল, কাজ, এবং জীবনে সাফল্যের ভিত্তি হিসেবে কাজ করে। [NYC রিডস্](#) এবং [NYC সলভস্](#)-এর সাথে, কীভাবে আমরা রিডিং (পড়া) এবং ম্যাথ (গণিত) শিক্ষা দিই তার জন্য আমরা একটি নতুন প্লেবুক

(অনুসরণীয় কর্মপদ্ধতি) সৃষ্টি করছি, এমন একটি যা গবেষণা দ্বারা সমর্থিত, উচ্চ-মানসম্পন্ন পাঠ্যক্রমে ভিত্তিস্থাপিত, এবং শিক্ষকের কোচিং দিয়ে সম্পূর্ণকৃত।

2. একটি দ্রুত পরিবর্তনশীল পৃথিবীতে, স্কুলের অভিজ্ঞতার বিষয়ে নতুন আঙ্গিকে ভাবনা অব্যাহত রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা আমাদের [পাথওয়েজ প্রোগ্রামিং](#) দিয়ে ঠিক তাই করছি, নিশ্চিত করছি যে শিক্ষার্থীরা একটি সুবিধাজনক অবস্থান, একটি শক্তিশালী পরিকল্পনা, এবং বাস্তব-জগতের দক্ষতা নিয়ে কর্মশক্তিতে যোগদান করে। আমরা AI-এর মতো নতুন প্রযুক্তিগুলোর প্রভাব পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখছি, এবং আমরা [নাগরিক সম্পৃক্ততা](#)-এর উপরও মনোনিবেশ করছি—সবকিছুই আমাদের শিক্ষার্থীদেরকে সমাজের সমস্যাসমূহ মোকাবেলায় প্রস্তুত করার জন্য।
3. সবচেয়ে ভালো ধারণাগুলো আসে আমাদের পরিবার, কর্মী, এবং শিক্ষার্থীদের নিজেদের কাছ থেকে। চ্যালেঞ্জের হওয়া আমার দীর্ঘস্থায়ী বিশ্বাসকেই পুনর্নিশ্চিত করেছে যে পরিবার এবং কমিউনিটির সম্পৃক্ততাকে অবশ্যই আমরা যা করি তার সবকিছুর কেন্দ্রে থাকতে হবে। আমি সিটি জুড়ে বিভিন্ন স্কুলে গিয়েছি এবং আমাদের NYCPS কমিউনিটির অসংখ্য সদস্যের সাথে কথা বলেছি—এবং তাদের দৃষ্টিভঙ্গি ও মতামত আমাদের স্কুল সিস্টেমে উন্নতির জন্য প্রভাব রেখেছে।

আমাদের পরিবারদের প্রতি: আপনারা আমাদের ছেলেমেয়েদের প্রথম শিক্ষক, এবং তাদের সাফল্যের জন্য আপনারদের সহায়তা এবং সম্পৃক্ততা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনারা পারেন এমন যেকোনো উপায়ে আপনারদের সন্তানের স্কুলের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে আমি আপনাদেরকে উৎসাহ দিই। আপনারদের অংশীদারিত্ব আমরা চাই!

আমাদের কর্মীদের প্রতি: মনে রাখবেন যে প্রতিটি দিনেরই গুরুত্ব আছে এবং আপনারদের কাজ অনেকের জীবন বদলে দেয়। আমাদের শিক্ষার্থীরা শিক্ষায় শুধুমাত্র একটি সুযোগই পেয়ে থাকে, এবং তারা যেসব অভিজ্ঞতা ও সুযোগ লাভের যোগ্য, তাদেরকে সেসব প্রদান করা আমাদের কাজ।

জানুয়ারি 2022 থেকে আমরা যা যা সুসম্পন্ন করেছি আমি তার সবকিছুর জন্য গর্বিত, কিন্তু সব সময়ই আরো অনেক কাজ করা বাকি থেকে যায়। 16 অক্টোবর থেকে শুরু করে NYCPS নবাগত চ্যালেঞ্জের মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)-এর দক্ষ এবং দৃঢ় হাতে পরিচালিত হবে; আমি তার নেতৃত্ব এবং আমাদের শুরু করা অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগগুলো এগিয়ে নিতে যাওয়াতে তার সক্ষমতার প্রতি পূর্ণ আস্থাশীল।

আমি আপনাদের সবাইকে ধন্যবাদ জানাই—কর্মী, পরিবার, নিতৃত্বশীল পিতামাত, এবং কমিউনিটির সদস্যদেরকে—আমাদের সিটির ছেলেমেয়েদের প্রতি আপনারদের প্রতিশ্রুতির জন্য এবং আপনারদের চ্যালেঞ্জের হিসেবে কাজ করতে আমাকে বিশ্বাস করার জন্য। আমাদের শিক্ষার্থীদেরকে আপনারা বলিষ্ঠ সূচনা এবং উজ্জ্বল ভবিষ্যতের দিকে পরিচালিত করার সময় আমি আপনাদের অবিচল পক্ষাবলম্বনকারী এবং সমর্থনকারী হয়ে থাকবো।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যালেঞ্জের

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব](#) পেজ দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।